# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-প্রথম পত্র বিষয় কোড: | ২ | ৭ | ৭ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.** ► চা ব্যবসায়ে "সবুজ বাংলা" প্রতিষ্ঠানটির বাজারে যথেষ্ট সুনাম রয়েছে। সম্প্রতি প্রতিষ্ঠানটি সিলেট অঞ্চলে তাদের নিজস্ব বাগানের চা পাতার সাথে মসলাসহ নানা উপকরণের সংমিশ্রণ ঘটিয়ে উন্নতমানের "অর্গানিক চা" উৎপাদন করে বাজারজাত করে আসছে। কিন্তু উক্ত চা সম্পর্কে জনসাধারণ ভালভাবে জানতে না পারায় প্রতিষ্ঠানটি ব্যবসায় সফল হতে পারছে না।

ক. সামাজিক ব্যবসায় কী? ১

খ. ব্যবসায়ের সাথে শিল্প ও বাণিজ্যের সম্পর্ক দেখাও। ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটির উন্নতমানের "অর্গানিক চা" উৎপাদনের কার্যক্রম কোন ধরনের উৎপাদন শিল্পের অন্তর্ভূক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "সবুজ বাংলা" প্রতিষ্ঠানটির ব্যবসায়ে সফলতা অর্জনে করণীয় পন্থা নির্দেশপূর্বক তার যথার্থতা মূল্যায়ন কর। ৪

**২.** ► ফাহাদ, সজীব ও সুফিয়ান পারস্পরিক সমঝোতার ভিত্তিতে একটি পেট্রোল পাম্পের ব্যবসায় চালিয়ে আসছেন। ফাহাদ একাই ব্যবসায়টি পরিচালনা করছেন। কেননা সজীব আইন মোতাবেক পরিচালনায় অংশগ্রহণ করতে পারে না। অপরদিকে সুফিয়ান অন্যত্র চাকুরী করায় ব্যবসায়ে সময় দিতে পারেন না। এদিকে হঠাৎ করে বিশ্ব বাজারে পেট্রোলের দাম বৃদ্ধি পাওয়ায় প্রতিষ্ঠানটি আর্থিক ক্ষতির সম্মুখীন হয়। এতে সুফিয়ান নিরুৎসাহিত হয়ে অন্যদেরকে না জানিয়ে বন্ধু পলককে তার অংশীদারিত্ব হস্তান্তর করে। ফলে জটিলতার সৃষ্টি হয়।

ক. প্রতিবন্ধী অংশীদার কী? ১

খ. "চুক্তিই অংশীদারী ব্যবসায়ের মূল ভিত্তি" — ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে প্রতিষ্ঠানটি কোন ধরনের অংশীদারী ব্যবসায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. বর্তমান পরিস্থিতিতে উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটির পরিণতি সম্পর্কে তোমার মতামত তুলে ধর। ৪

**৩.** ► জনাব শাহেদ তার সমুদয় অর্থ দিয়ে মিতালী ফ্যাশন নামে একটি কোম্পানির ১০ টাকা মূল্যের ৩০,০০০ শেয়ার ক্রয় করেন। তিনি কোম্পানি থেকে মুনাফা পাওয়ার ব্যাপারে উদ্বিগ্ন নন এবং নিজেকে একজন কোম্পানির মালিক হিসেবে ভাবতে স্বাচ্ছন্দ্যবোধ করেন। অপরদিকে তার বন্ধু জনাব হাসান চৌধুরী অসুস্থতাজনিত কারণে চাকরি থেকে অবসর গ্রহণ করে উক্ত কোম্পানিতে ৫,০০,০০০ টাকা বিনিয়োগ করেন। তিনি বিনিয়োগকৃত অর্থের উপর ২০% হারে লভ্যাংশ পান। বছর দু'য়েক পর জনাব হাসান চৌধুরী সুস্থ হয়ে উঠার পর কোম্পানির পরিচালক হওয়ার জন্য আবেদন করেন।

ক. স্মারকলিপি কী? ১

খ. মার্চেন্ডাইজিং বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত জনাব শাহেদ কোন ধরনের শেয়ার ক্রয় করেন? ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত জনাব হাসান চৌধুরী কী পরিচালক হতে পারবেন? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৪.▶ কামরাঙ্গীর চরের আবুল কাশেম তার এলাকার ১০০ জন সদস্য নিয়ে নিজেদের আর্থিক কল্যাণ সাধনের নিমিত্তে একটি সমবায় সংগঠন গড়ে তোলেন। তারা মূলত ক্ষুদ্র উৎপাদকের নিকট থেকে পণ্য সংগ্রহ করে তা নিজেদের মধ্যে ন্যায্যমূল্যে বিক্রয় করেন। প্রতিষ্ঠানটি এলাকার অন্যান্য লোকদের নিকটেও স্বল্পলাভে পণ্য বিক্রয় করে। বছর শেষে প্রতিষ্ঠানটির ১,২০,০০০ টাকা মুনাফা অর্জিত হলে সদস্যরা ভেবেছিল তারা প্রত্যেকে ১২,০০০ টাকা মুনাফা পাবে। কিন্তু তাদেরকে কম মুনাফা দেওয়ায় তারা মনঃক্ষুন্ন।

ক. সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটি ন্যূনতম কত সদস্য বিশিষ্ট হয়? ১

খ. সমবায় উপবিধি বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটি কোন ধরনের সমবায় সংগঠন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে সমবায়ের সদস্যদের প্রত্যেককে কত টাকা দেয়া হয়েছে? তাদেরকে কম দেয়ার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৫.▶ 'Z' নামক সদ্য স্বাধীন রাষ্ট্রটি ঐ দেশের যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের জন্য বেসরকারি কিছু প্রতিষ্ঠানের সাথে চুক্তিবন্ধ হয়। চুক্তির শর্তানুযায়ী ঐ প্রতিষ্ঠানগুলো বিভিন্ন ব্রিজ, ফ্লাইওভার এবং মেট্রোরেল নির্মাণ করবে। অর্জিত মুনাফা ঐসব প্রতিষ্ঠানের পাশাপাশি সরকারও পাবে। সম্প্রতি দেশের নিরাপত্তা ব্যবস্থা সুদৃঢ় করার জন্য দেশটি একটি অস্ত্র তৈরির কারখানা স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে।

ক. BPC কী? ১

খ. একচেটিয়া ব্যবসায় হ্রাসকরণে রাষ্ট্রীয় ব্যবসায়ের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. "Z" নামক রাষ্ট্রের ১ম পর্যায়ের কর্মকাণ্ডগুলো কোন ধরনের ব্যবসায় সংগঠনের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত দেশের নিরাপত্তা ব্যবস্থা সুদৃঢ়করণে যে ধরনের ব্যবসায় সংগঠন নির্বাচন করা যুক্তিযুক্ত তার যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৬.▶ লন্ডন প্রবাসী ইভা রহমান বাংলাদেশে এসে কেনাকাটায় বেশ সাবধানতা অবলম্বন করেন। তিনি শপিং মলে গিয়ে পণ্য কেনার সময় দেখেন যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন আছে কী না। বেবি ফুড, প্রসাধনী, ইলেকট্রনিকের আইটেমসহ সকলক্ষেত্রে তিনি দেখেশুনে কেনার চেষ্টা করেন। বড় কোম্পানির প্রতিষ্ঠিত ব্র্যান্ড দেখে তিনি পণ্য ক্রয়ে আগ্রহী।

ক. প্যাটেন্ট কী? ১

খ. পরিবেশ দূষণ বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে যথাযথ কর্তৃপক্ষ বলতে কাকে বুঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ইভা রহমান যে আইনগত বিষয়টি দেখে পণ্য ক্রয় করেন তার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৭.▶ তকিব বিবিএ পাস করে গুলিস্থান স্টেডিয়াম মার্কেটে মোবাইল ফোনের ব্যবসায় শুরু করেন। তিনি মোবাইল ফোন বাজারজাতকরণের জন্য ফেসবুক ও বিভিন্ন ধরনের ওয়েবসাইটে বিজ্ঞাপন দেন। বিজ্ঞাপন দেখে মি. রাফি তার

http://teachingbd.com

পছন্দের মোবাইল ফোনটি ক্রয় করলেন এবং মোবাইল ফোনের মাধ্যমেই তিনি এর মূল্য পরিশোধ করলেন। এছাড়া মোবাইল ফোনের ব্যালেন্স রিচার্জসহ, গ্রামের বাড়ীতে টাকা পাঠানোর ক্ষেত্রে তিনি মোবাইল ফোনই ব্যবহার করেন। এতে তিনি অনেক স্বাচ্ছন্দবোধ করছেন।

ক. ক্রেডিট কার্ড কী? ১

খ. ব্যবসায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার পরোক্ষভাবে উৎপাদনশীলতা বৃদ্ধি করে- ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে তকিব তার ব্যবসায়ে কোন ধরনের বিপণন পদ্ধতি ব্যবহার করছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে মি. রাফি অর্থের লেনদেনের ক্ষেত্রে যে পদ্ধতির ব্যবহার করছেন তার যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৮. ▶ শান্ত একজন শিক্ষিত বেকার যুবক। চাকরির জন্য অনেক চেষ্টার পর ব্যর্থ হয়ে চাকরির বিকল্প হিসেবে একটি টেইলারিং হাউজ স্থাপন করার চিন্তা করলেন। এ বিষয়ে জ্ঞান অর্জনের জন্য তিনি সরকারি একটি প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ গ্রহণ করেন। কীভাবে তিনি তার প্রতিষ্ঠানের উন্নয়ন ঘটাবেন, বাজারজাতকরণ প্রসার করবেন ইত্যাদি বিষয়ে উক্ত প্রতিষ্ঠানটি পরামর্শ প্রদান করেন। প্রতিষ্ঠানটির সহায়তায় শান্ত বাজারে দ্রুত ইতিবাচক ভূমিকা রাখতে সক্ষম হয়েছেন।

ক. বিমসটেক (BIMSTEC) কী? ১

খ. শিল্প ও বণিক সমিতি বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে শান্ত কোন ধরনের সহায়ক সেবা গ্রহণ করছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে শান্তকে সহায়তাকারী সরকারি প্রতিষ্ঠান কোনটি? বাজারে দ্রুত ইতিবাচক ভূমিকার ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানের যথার্থতা মূল্যায়ন কর। ৪

৯. ▶ দুগ্ধ বিক্রেতা জয় ঘোষ প্রতিদিন সাভার থেকে তার খামারের দুগ্ধ ঢাকায় এনে বিক্রি করেন। যে সব বাসায় বাচ্চারা দুধ খায় তারা সবাই প্রতিদিন জয় ঘোষের জন্য অপেক্ষা করে থাকেন। কেননা তিনি দুধে ভেজাল বা পানি মেশান না। তিনি জানেন এটি শুধু অপরাধই নয়, সকলের জন্য ক্ষতিকারক। তাই তিনি ভেজাল মিশ্রিত দুগ্ধ বিক্রি করে অধিক উপার্জনের চাইতে ক্রেতাদের সন্তুষ্টির মাধ্যমে অধিক উপার্জনের পথ বেছে নিয়েছেন। ক্রেতারা তাই অপেক্ষাকৃত বেশি মূল্য পরিশোধে আপত্তি করেন না। কারণ তাদের কাছে এটি ন্যায্যমূল্য বলেই মনে হয়।

ক. ফরমালিন কী? ১

খ. খাদ্য উৎপাদনকারীদের ও বিক্রেতাদের রাসায়নিক ব্যবহারে সতর্কতায় করণীয় ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জয় ঘোষ ব্যবসায়ের কোন পক্ষের প্রতি দায়িত্ব পালন করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "নৈতিকতার বিচারে জয় ঘোষ একজন আদর্শ ব্যবসায়ী" তুমি কী একমত? মতামতের স্বপক্ষে যুক্তি দাও। ৪

http://teachingbd.com

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ২৭৭

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**উদ্দীপকটি পড়ো এবং ১ ও ২ নং প্রশ্নের উত্তর দাও।**
রূপগঞ্জের স্ট্যান্ডার্ড ফ্যাশন নিট ওয়্যার কারখানার বর্জ্য নিয়মিত পার্শ্ববর্তী বালু নদীতে ফেলা হয়। স্থানীয় জনগণ বিষয়টিতে খুবই চিন্তিত হয়ে পড়েছে। তাই তারা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষকে অভিযোগ করেন।

**১. স্ট্যান্ডার্ড নিটওয়্যার প্রত্যক্ষভাবে কোন পরিবেশকে দূষিত করে?**
ক বায়ু  খ মাটি  গ শব্দ  ঘ পানি

**২. উল্লিখিত অবস্থা থেকে উত্তরণে স্ট্যান্ডার্ড নিটওয়্যার কারখানা কর্তৃপক্ষের করণীয় কী?**
ক যথাযথ বর্জ্য ব্যবস্থাপনা
খ কারখানা বন্ধ করে দেয়া
গ পানি শোধন যন্ত্র ব্যবহার
ঘ উৎপাদন কমিয়ে আনা

**৩. প্যাটেন্ট কোন ধরনের সম্পদ?**
ক স্থায়ী  খ তরল
গ বুদ্ধি ভিত্তিক  ঘ চলতি

**৪. ব্যবসায়ের নৈতিকতার ধরণ কোনটি?**
ক উৎপাদনে সাধারণ উকরণ ব্যবহার
খ দীর্ঘ সময়ের জন্য পণ্য মজুত রাখা
গ ন্যায্য মূল্যে পণ্য বিক্রয়
ঘ কারখানার বর্জ্য নদীতে ফেলা

**উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও।**
দক্ষিণ এশিয়ার কয়েকটি দেশ ১৯৮৫ সালে প্রথম সম্মেলনের মাধ্যমে আঞ্চলিক জোট গঠন করে। পরবর্তীতে জোটের দেশসমূহ বাণিজ্যের ক্ষেত্রে যে চুক্তি করে তার ফলে দক্ষিণ এশিয়ার দেশসমূহের ব্যবসায় বাণিজ্যের অগ্রগতি পরিলক্ষিত হয়।

**৫. উদ্দীপকে ১ম পর্যায়ের কোন সংস্থার কথা উল্লেখ করা হয়েছে?**
ক SAARC  খ ASEAN
গ BIMSTEC  ঘ SAPTA

**৬. উদ্দীপকে উল্লিখিত সংস্থাটির পরবর্তী চুক্তির উল্লেখযোগ্য বিষয় হলো —**
i. তালিকাভুক্ত পণ্যের ক্ষেত্রে শুল্ক হার কমানো
ii. তালিকা বহির্ভূত পণ্যের ক্ষেত্রে শুল্ক হার বাড়ানো
iii. শুল্কমুক্ত অবাধ বাণিজ্য সৃষ্টি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ ii ও iii  গ i ও iii  ঘ i, ii ও iii

**৭. ন্যায্য মূল্যে পণ্য সরবরাহ করে ব্যবসায়ীরা নিচের কোন পক্ষের প্রতি দায়িত্ব পালন করে?**
ক ভোক্তা  খ সরবরাহকারী
গ কর্মী  ঘ মালিক

**৮. নিচের কোনটি ট্রেডমার্ক বহির্ভূত?**
ক অক্ষর  খ প্রতীক
গ হলোগ্রাম  ঘ মোড়কীকরণ

**৯. পুস্তক লেখকের অধিকার সুরক্ষায় কোন আইন কার্যকর?**
ক বিমা আইন  খ ট্রেডমার্ক আইন
গ কপিরাইট আইন  ঘ প্যাটেন্ট আইন

**১০. বহুমুখী সমবায় সমিতি যে সুবিধা পাবে তা হলো —**
i. বিক্রয় সুবিধা  ii. ঋণ সুবিধা
iii. প্রশিক্ষণ সুবিধা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

**১১. ATM এর পূর্ণ বাক্য কী?**
ক Automatic taller machine
খ Automobile tatter machine
গ Auto teller machine
ঘ Automated teller machine

**১২. ব্রডগেজ ও মিটার গেজ কোন পরিবহন ব্যবস্থার সাথে জড়িত?**
ক বিমান  খ সড়ক  গ রেলওয়ে  ঘ নৌ

**১৩. R.P সাহার পৈতৃক নিবাস কোথায়?**
ক ঢাকা  খ টাংগাইল
গ কিশোরগঞ্জ  ঘ রূপগঞ্জ

**১৪. মূল্যবোধের দ্বারা মানুষের কোনটি প্রভাবিত হয়?**
ক বিবেক  খ আচরণ
গ জ্ঞান  ঘ যোগ্যতা

**উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও।**
জাপানের পারমাণবিক কেন্দ্র ফুকু সাওয়া সুনামির কারণে দুর্ঘটনার পর তেজস্ক্রিয়তা বেড়ে যায়। তাই বাংলাদেশ ঐ এলাকা থেকে খাদ্য পণ্য আমদানি নিষিদ্ধ করেছে। সেই সাথে নিষিদ্ধ পণ্য যাতে কোনোভাবেই দেশে প্রবেশ করতে না পারে তার জন্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা নিয়েছে।

**১৫. উদ্দীপকের বর্ণনা অনুযায়ী কোন ধরণের ব্যবসায়িক পরিবেশ ক্ষতিগ্রস্থ হয়েছে?**
ক প্রাকৃতিক  খ অর্থনৈতিক
গ আন্তর্জাতিক  ঘ আইনগত

**১৬. নিষিদ্ধ পণ্য দেশে প্রবেশে বাধা প্রদানের মাধ্যমে কার প্রতি সামাজিক দায়িত্ব নিশ্চিত করা হয়েছে?**
ক সরকার  খ বিনিয়োগ
গ সাধারণ সম্প্রদায়  ঘ শ্রমিক কর্মী

**১৭. জনাব আশিক ন্যায্য মুনাফার্জনের লক্ষ্যে চাঁপাইনবাবগঞ্জের বাগান হতে সরাসরি রাসায়নিক মুক্ত আম সংগ্রহ করে বাজারে বিক্রি করেন। এতে তার প্রচুর মুনাফা অর্জিত হয়। উদ্দীপকে বর্ণিত ব্যবসায়ে জনাব আশিকের সফলতার কারণ —**
i. নৈতিকতা
ii. পরিবেশ সংরক্ষণ
iii. সামাজিক দায়বদ্ধতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**১৮. মিস সোমা একটি অফিসে কম্পিউটার অপারেটর হিসেবে কাজ করেন। তথ্য সংগ্রহ, রেকর্ডভুক্তকরণ এবং প্রক্রিয়াকরণ করে তার ব্যবহার উপযোগী করে রাখাই তার কাজ। মিস সোমার এ কাজ কোনটির সাথে সম্পৃক্ত?**
ক ইন্টারনেট প্রযুক্তি  খ তথ্য প্রযুক্তি
গ যোগাযোগ প্রযুক্তি
ঘ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

http://teachingbd.com

১৯. BGMEA কোন ধরণের সেবা প্রদান করে?
ক) অবকাঠামোগত　খ) আইনগত
গ) তথ্যগত　ঘ) আর্থিক

২০. BARD এর প্রতিষ্ঠাতা কে?
ক) ড. আখতার হামিদ খান　খ) স্যার রচডেল
গ) ড. মোঃ ইউনুস　ঘ) মি. ওয়েন

২১. ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কোনটি?
ক) সম্পদ অর্জন　খ) মুনাফার্জন
গ) গ্রাহকসন্তুষ্টি　ঘ) মানবসেবা

২২. বিমা কোন ধরণের বাধা দূর করে?
ক) ঝুঁকিগত　খ) প্রচার গত
গ) অর্থগত　ঘ) রূপগত

২৩. সমুদ্র হতে রূপচাঁদা মাছ উত্তোলন কোন ধরণের শিল্প?
ক) উৎপাদন শিল্প　খ) নিষ্কাশন শিল্প
গ) নির্মাণ শিল্প　ঘ) সেবামূলক শিল্প

২৪. পৃথিবীতে কোন ধরণের ব্যবসায় সংগঠন বেশি?
ক) অংশীদারী　খ) একমালিকানা
গ) সমবায় সমিতি　ঘ) যৌথ মূলধনী

২৫. মাটি ও পানি কোন পরিবেশের উপাদান?
ক) প্রাকৃতিক　খ) রাজনৈতিক
গ) অর্থনৈতিক　ঘ) সামাজিক

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।**

A ৭০,০০০ টাকা এবং B ১,০০,০০০ টাকা মূলধন বিনিয়োগ করে সমঝোতার ভিত্তিতে একটি ব্যবসায় শুরু করে। A ব্যবসায় পরিচালনায় অনেক সময় ও মেধা দেয়। মুনাফা বন্টনের হার মূলধন অনুপাতে হবে। বছর শেষে ৩৪,০০০ টাকা মুনাফা হয়। A পরিচালনা করার জন্য অতিরিক্ত মুনাফা দাবী করে।

২৬. উদ্দীপকে B কতটুকু মুনাফা পাবে?
ক) ৭,০০০ টাকা　খ) ১৪,০০০ টাকা
গ) ২০,০০০ টাকা　ঘ) ২৭,০০০ টাকা

২৭. উদ্ভূত সমস্যা সমাধানে ভবিষ্যতে A ও B এর করণীয় কী হতে পারে?
ক) আদালতের আশ্রয় নেয়া
খ) আলোচনার মাধ্যমে ব্যবস্থা গ্রহণ
গ) ব্যবসায়টি নিবন্ধন করা
ঘ) চুক্তিতে বিষয়টি অন্তর্ভূক্ত করা

২৮. কোন শেয়ার মালিকদের ভোটাধিকার থাকে না?
ক) সাধারণ　খ) অগ্রাধিকার
গ) বিলম্বিত　ঘ) বোনাস

২৯. শেয়ার মালিকানায় মূল প্রামাণ্য দলিল হলো —
ক) শেয়ার ওয়ারেন্ট　খ) শেয়ার ডকুমেন্ট
গ) লভ্যাংশ পরোয়ানা　ঘ) শেয়ার সার্টিফিকেট

৩০. কোম্পানির কার্যারম্ভের অনুমতি পত্র সংগ্রহের জন্য প্রয়োজন —
i. বিবরণপত্র
ii. ন্যূনতম মূলধন সংগ্রহের প্রমাণ পত্র
iii. যোগ্যতা সূচক শেয়ার ক্রয়ের প্রমাণপত্র
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) ii ও iii
গ) i ও iii　ঘ) i, ii ও iii

৩১. সংসদে বিল পাশের মাধ্যমে গঠিত কোম্পানি কোনটি?
ক) সনদপ্রাপ্ত　খ) নিবন্ধিত
গ) সরকারি　ঘ) বিধিবদ্ধ

৩২. দেশি বিদেশি বিনিয়োগের পথে অন্তরায় হলো —
i. প্রশাসনিক জটিলতা　ii. নিরাপত্তার অভাব
iii. অশিক্ষা ও কুসংস্কার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) ii ও iii　গ) i ও iii　ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও।**

সোনাদিয়া উপকূলীয় অঞ্চলের ২০ জন কৃষক মিলিত হয়ে সমবায় গঠনের উদ্যোগ নেয়। সার বীজ ও কৃষি উপকরণের ন্যায্য মূল্যে ক্রয় ছাড়াও তার সমিতির মাধ্যমে উৎপাদিত ফসল বিক্রয়ের ব্যবস্থা করবে। চাষের মৌসুমে কৃষকদের নগদ টাকার সংকট দেখা দিলে সদস্যদেরকে সমিতির মাধ্যমে সহজ শর্তে ঋণ দেয়ার বিষয়টি বিবেচনা করবে।

৩৩. উদ্দীপকে বর্ণিত প্রস্তাবিত সমবায় সমিতিটি কোন ধরনের?
ক) ক্রয়　খ) বিক্রয়
গ) বহুমুখী　ঘ) ভোক্তা

৩৪. সহজ শর্তে ঋণ দেওয়ার ক্ষেত্রে কৃষকরা যে সমবায়ের কথা ভাবতে পারে সেটি কী?
ক) প্রাথমিক　খ) কেন্দ্রীয়
গ) জাতীয়　ঘ) ঋণদান

৩৫. বাংলাদেশে গার্মেন্টিস শিল্প ব্যাপক ভাবে গড়ে উঠার পিছনে কারণ হলো —
i. ব্যাবসায়ীদের দক্ষতা　ii. সস্তা শ্রম
iii. মূলধনের প্রাচুর্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) ii ও iii　গ) i ও iii　ঘ) i, ii ও iii

৩৬. রাষ্ট্রীয় ব্যবসায়ের মূল উদ্দেশ্য কী?
ক) উৎপাদন বৃদ্ধি করা
খ) সম্পদ বৃদ্ধি করা
গ) অর্থনৈতিক উন্নয়ন সাধন
ঘ) জনকল্যাণ নিশ্চিত করা

৩৭. নিয়মিত কর প্রদান ব্যবসায়ের কোন পক্ষের প্রতি সামাজিক দায়িত্ব পালনের অন্তর্ভূক্ত?
ক) কর্মী　খ) বিনিয়োগকারী
গ) সরকার　ঘ) সমাজ

৩৮. একটি দেশের উন্নয়নের জন্য নিচের কোনটি অধিক কার্যকরী?
ক) PPP　খ) যৌথ উদ্যোগ
গ) রাষ্ট্রীয় ব্যবসায়　ঘ) সমবায়

৩৯. রাঙামাটি থেকে দোলন চাকমা বিভিন্ন হাতে তৈরি লোকজ উপকরণ এনে ঢাকার বেইলী রোডে বিক্রয় করেন। তিনি ব্যবসায়ের কোন ধরনের প্রতিবন্ধকতা অপসারণ করেন?
ক) রূপগত　খ) স্থানগত
গ) সময়গত　ঘ) অর্থগত

৪০. বাংলাদেশে মোবাইল ব্যাংকিং প্রথা সর্বপ্রথম কোন ব্যাংক চালু করে?
ক) ডাচ বাংলা
খ) জনতা
গ) যমুনা　ঘ) ঢাকা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | গ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | গ | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ক |
| | ২১ | খ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | ঘ | ৩১ | ঘ | ৩২ | ঘ | ৩৩ | গ | ৩৪ | গ | ৩৫ | ক | ৩৬ | ঘ | ৩৭ | গ | ৩৮ | ক | ৩৯ | খ | ৪০ | ক |

http://teachingbd.com